

আনিসুল হকের মরদেহ ওয়েলিংটনের হিমঘরে, বাদ জুমা জানাজা

আ স ম মাসুম, যুক্তরাজ্য



মেয়র আনিসুল হকের মরদেহ লন্ডনের ওয়েলিংটন হাসপাতালের হিমঘরে রাখা হয়েছে। শুক্রবার স্থানীয় সময় সকাল ১১টায় তার মরদেহ রিজেন্ট পার্কে লন্ডন সেন্ট্রাল মসজিদে নিয়ে যাওয়া হবে। সেখানে বাদ জুমা তার প্রথম নামাজে জানাজা অনুষ্ঠিত হবে।

আগামীকাল বাংলাদেশ বিমানের একটি ফ্লাইটে বেলা ১১টা ২০ মিনিটে তার মরদেহ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এসে পৌঁছাবে। বিমানবন্দর থেকে গুলশানের বাসায়

নেওয়া হবে। ওইদিনই বাদ আসর আর্মি স্টেডিয়ামে জানাজা শেষে তাকে বনানী কবরস্থানে দাফন করা হবে।

বৃহস্পতিবার বাংলাদেশ সময় রাত ১০টা ২৩ মিনিটে চিকিৎসকরা আনিসুল হকের কৃত্রিম শ্বাস-প্রশ্বাসযন্ত্র খুলে নেন। এরপর তাকে মৃত ঘোষণা করা হয়। তার বয়স হয়েছিল ৬৫ বছর। তিনি স্ত্রী, দুই মেয়ে ও এক ছেলে রেখে গেছেন। মেয়রের পারিবারিক সূত্রে এসব তথ্য জানা গেছে। মৃত্যুর সময় আনিসুল হকের পাশে তার স্ত্রী, পুত্র ও কন্যারা উপস্থিত ছিলেন।

বিডি প্রতিদিন/১ ডিসেম্বর, ২০১৭/ফারজানা